দৈনিক আমাদের সময়

তারিখ: 01 OCT 2016
পৃষ্ঠা: ৩ কলাম: ২

# ৩৭তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক ●

৩৭তম বিসিএসের প্রিলিমিনারি (প্রাথমিক বাছাই) পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল সাড়ে ৯টায় শুরু হয়ে বেলা সাড়ে ১১টা পর্যন্ত চলে এ পরীক্ষা। এতে রাজধানীর ১২৩টি কেন্দ্রসহ ছয় বিভাগের ১৯০টি কেন্দ্রে দুই লাখ ৪৩ হাজার ৪৭৬ পরীক্ষার্থী অংশ নিয়েছেন। এর আগে রাজধানীর আগারগাঁও সরকারি কর্মকমিশন সচিবালয়ে সকালে লটারির মাধ্যমে বিসিএসের প্রশ্নপত্রের সেট নির্বাচন করা হয়। এ বছর চিত্রা সেটের প্রশ্নপত্র দিয়ে অনুষ্ঠিত হয় বিসিএস পরীক্ষা। লটারির আগে পাবলিক সার্ভিস কমিশনের (পিএসসি) চেয়ারম্যান মোহাম্মদ সাদিক দেশের ছয়টি বিভাগের বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের সঙ্গে ভিডিও কনফারেন্স করেন। লটারিতে প্রশ্ন সেট নির্ধারণের পর কনফারেন্সের মাধ্যমে জানিয়ে দেওয়া হয়। গত ২৯ ফেব্রুয়ারি ৩৭তম বিসিএসের বিজ্ঞপ্তি প্রকাশ করে পিএসসি।